

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৫৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫০. সূরাহ আল-ফাতিহা সম্পর্কে

باب فَاتِحَةِ الْكِتَابِ

আরবী

حَدَّتَنَا عُبَيْدُ اللهِ بْنُ مُعَاذٍ، حَدَّتَنَا خَالِدٌ، حَدَّتَنَا شُعْبَةُ، عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، قَالَ سَمِعْتُ حَفْصَ بْنَ عَاصِمٍ، يُحَدِّثُ عَنْ أَبِي سَعِيدِ بْنِ الْمُعَلَّى، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم مَرَّ بِهِ وَهُوَ يُصلِي فَدَعَاهُ قَالَ: فَصلَيَّيْتُ ثُمَّ أَتَيْتُهُ قَالَ: فَقَالَ " مَا مَنعَكَ أَنْ وسلم مَرَّ بِهِ وَهُو يُصلِي فَدَعَاهُ قَالَ: فَصلَيَّيْتُ ثُمَّ أَتَيْتُهُ قَالَ: فَقَالَ " مَا مَنعَكَ أَنْ تُجْيِبُوا تُجِيبَنِي ". قَالَ: كُنْتُ أُصلِي . قَالَ " أَلَمْ يَقُلِ اللهُ عَنَّ وَجَلَّ (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا للهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ) لأُعَلِّمَنَّكَ أَعْظَمَ سُورَةٍ مِنَ الْقُرْآنِ أَوْ فِي الْقُرْآنِ أَنْ فِي الْقُرْآنِ أَنْ أَخْرُجَ مِنَ الْمَسْجِدِ". قَالَ: قُلْتُ : يَا رَسُولَ اللهِ! قَوْلَكَ . قَالَ " شَكَّ خَالِدٌ "قَبْلَ أَنْ أَخْرُجَ مِنَ الْمَسْجِدِ". قَالَ: قُلْتُ : يَا رَسُولَ اللهِ! قَوْلَكَ . قَالَ " (الْحَمْدُ لِلهِ رَبِّ الْعَالَمِينَ) وَهِيَ السَّبْعُ الْمَثَانِي الَّتِي أُوتِيتُ وَالْقُرْآنُ الْعَظِيمُ " .

_ صحيح :خ

বাংলা

১৪৫৮। আবৃ সাঈদ ইবনুল মু'আল্লা (রাঃ) সূত্রে বর্ণিত। একদা তিনি সালাতে রত থাকাবস্থায় নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তার পাশ দিয়ে যাওয়ার সময় তাকে ডাকলেন। বর্ণনাকারী বলেন, আমি সালাত আদায় শেষে তাঁর নিকট এলে তিনি আমাকে জিজ্ঞেস করলেনঃ আমার ডাকে সাড়া দিতে কিসে তোমাকে বাধা দিয়েছে? তিনি বললেন, আমি সালাতে রত ছিলাম। তিনি বললেনঃ মহান আল্লাহ কি বলেননিঃ "হে মুমিনগণ! যখন আল্লাহ ও তাঁর রসূল তোমাদেরকে এমন কিছুর দিকে ডাকে যা তোমাদেরকে প্রাণবন্ত করে। (সূরাহ আল-আনফাল : ২৪) আমি মাসজিদ থেকে বের হবার পূর্বেই তোমাকে কুরআনের অত্যধিক মর্যাদা সম্পন্ন একটি সূরাহ শিক্ষা দিবো। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি আপনার কথাটি স্মরণ রাখবো। তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ "আলহামদু লিল্লাহি রব্বিল 'আলামীন", এটি হচ্ছে সাত আয়াতবিশিষ্ট সূরাহ। আমাকে এটি এবং কুরআন্ল 'আর্থীম প্রদান করা হয়েছে।[1]



সহীহ: বুখারী।

English

Abu Sa'id b. al-Mu'alla said that when he was praying the Prophet (ﷺ) passed by him and he called him. He said:

I prayed ant then I came to him. He asked: What prevented you from answering me? He replied: I was praying. He said: Has not Allah said: "O you who believe, respond to Allah and the Apostle when he calls you to that which gives you life? (8:24) Let me teach you the greatest surah from the Qur'an or in the Qur'an (the narrator Khalid doubted) before I leave the mosque. I said: (I shall memorize) your saying. He said: It is: "Praise be to Allah, the Lord of the Universe" which is the seven oft-repeated verses, and the mighty Qur'an.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : তাফসীর, হাঃ ৪৬৪৭), ইবনু মাজাহ (অধ্যায় : আদাব, অনুঃ কুরআনের সওয়াব, হাঃ ৩৭৮৫), নাসায়ী (অধ্যায় : ইফতিতাহ, হাঃ ৯১২), দারিমী (হাঃ ৩৩৭১), আহমাদ (৩৩/৪৫০), ইবনু খুযাইমাহ (হাঃ ৮৬২) সকলে শু'বাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ ইবনু মু'আল্লা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন